অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/3/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেট পার্কসের অ্যাক্সেস এবং পর্যটনের সমর্থন বৃদ্ধি করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা S.5423/A.4853 স্টেট পার্কস, বিনোদনমূলক ফ্যাসিলিটি এবং ঐতিহাসিক সাইটে পেমেন্টের মাধ্যম হিসেবে ক্রেডিট কার্ড ব্যবহার করার বাধ্যবাধকতা নিষিদ্ধ করে

বিধিমালা S.9250/A.10333 নৌকা চালানোর নিরাপত্তা আবশ্যিকতা থেকে ব্যক্তিগত জলযানের অব্যাহতিকে সম্প্রসারিত করে

শিশু ও পরিবারকে "অফলাইনে যাও, বাইরে যাও" সাহায্য করতে গভর্নর হোকলের গ্রীষ্মকালীন ক্যাম্পেইনের অংশ

গভর্নর হোকল আজকে বিধিমালায় স্বাক্ষর করেছেন যা স্টেট পার্কস, বিনোদনমূলক ফ্যাসিলিটি এবং ঐতিহাসিক সাইটের অ্যাক্সেস বৃদ্ধি করতে এবং নিউ ইয়র্কের পর্যটন শিল্পখাতকে সমর্থন করবে। S.5423/A.4853 নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন, এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (New York State Office of Parks, Recreation and Historic Preservation) সাইটসমূহের ফ্যাসিলিটি ব্যবহার করার জন্য পেমেন্ট করার মাধ্যম হিসেবে বাধ্যতামূলকভাবে ক্রেডিট কার্ড ব্যবহার করা নিষিদ্ধ করে এই সাইটসমূহের অ্যাক্সেস বৃদ্ধি করবে। এছাড়াও গভর্নর হোকল S.9250/A.10333 স্বাক্ষর করেছেন যা নির্দিষ্ট কর্মকাণ্ডের জন্য লীজ নেওয়া ব্যক্তিগত জলযানকে নৌকা চালানোর নিরাপত্তা প্রত্যয়ন থেকে অব্যাহতি প্রদানের অনুমোদনকে সম্প্রসারিত করে, এটি নিউ ইয়র্কের ওয়াটারফ্রন্টে ছুটি কাটানো ব্যক্তিদের এইসব যানবাহন লীজ প্রদান করা পর্যটন ব্যবসাসমূহকে সমর্থন করবে। আজকের বিলটি গভর্নর হোকলের গ্রীষ্মকালীন ক্যাম্পেইন "অফলাইনে যাও, বাইরে যাও" (Get Offline, Get Outside) এর অনুবর্তী যা নিউ ইয়র্কের শিশু ও পরিবারকে তাদের ফোন ও কম্পিউটার রেখে দিতে, সোশ্যাল মিডিয়া থেকে একটি বিরতি নিতে, এবং বিনোদন ও ঘরের বাইরের সামাজিক জমায়েতে উপভোগ করতে সাহায্য করার মাধ্যমে শারীরিক ও মানসিক স্বাস্থ্যের প্রসার করবে।

"আমাদের স্টেট পার্কগুলি আমাদের স্টেটের অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ চালক, এবং আমাদের মনোমুগ্ধকর সাইটে যাতে সকলের অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করতে এবং পর্যটন শিল্পখাতকে বলীয়ান করতে আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।**

"বিধিমালার এই আইনগুলি নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্কবাসী এবং আমাদের পর্যটকেরা নিউ ইয়র্কের সকল কিছু দেখতে এবং এর অভিজ্ঞতা গ্রহণ করতে পারে।"

বয়স্ক ব্যক্তিসহ বহু নিউ ইয়র্কবাসী ব্যাংক ব্যবহার করে না বা সামান্য ব্যবহার করে, অপ্রাপ্তবয়স্ক, এবং এমন ব্যক্তি যারা শুধু নগদ অর্থ ব্যবহার করে। যদিও ক্রেডিট কার্ড সুবিধাজনক, কিন্তু সকলের কাছে এটি পাওয়ার সুযোগ নেই। বিধিমালা S.5423/A.4853 এই সম্ভাব্য প্রতিবন্ধকতাটি অপসারণ করে, আমাদের সকলের প্রিয় নিউ ইয়র্ক স্টেটের পার্ক, ঐতিহাসিক সাইট, এবং বিনোদনমূলক ফ্যাসিলিটিতে সমান অ্যাক্সেস নিশ্চিত করবে। এইসব স্টেট ফ্যাসিলিটিতে এখনো নগদ অর্থ গ্রহণ করার মাধ্যমে নিউ ইয়র্ক আমাদের স্টেটের সম্পদে অন্তর্ভুক্তিকর আনন্দকে সমর্থন করা অব্যাহত রাখবে।

স্টেটের সিনেটর মনিকা আর মার্টিনেজ বলেন, "আমাদের পার্ক ও ঐতিহাসিক সাইটসমূহে প্রায়শই সম্প্রদায়ের উদযাপনের এবং আমাদের স্টেটের সুন্দর ল্যান্ডস্কেপ, বন্যপ্রাণী এবং ইতিহাসের সামগ্রিক আগ্রহের কেন্দ্রে থাকে। এই বিলের স্পন্সর হিসেবে আমি বিশ্বাস করি যে সকল বাসিন্দা, বিশেষ করে যারা প্রধানত নগদ অর্থ ব্যবহার করে তারা যাতে সমান সুযোগ পেতে পারে তা নিশ্চিত করার জন্য এটি একটি সাধারণ বুদ্ধির ব্যবস্থা। পেমেন্ট করার মাধ্যমের উপর ভিত্তি করে এইসব মূল্যবান সাইটগুলি উপভোগ করার সুযোগ থেকে কারো বঞ্চিত হতে হওয়া উচিত না।"

স্টেটের সিনেটর ডিন মারি বলেন, "নিউ ইয়র্ক সত্যিই বিশ্বের সবথেকে বৈচিত্র্যময় এবং সুন্দর স্থানগুলির মধ্যে একটি এবং এখানে দেখার মতো ও করার মতো অনেক কিছু রয়েছে, সেজন্যই আমাদের এমন বলিষ্ঠ একটি পর্যটন শিল্পখাত রয়েছে। আমাদের দুর্দান্ত স্টেট পার্কসের অ্যাক্সেস সীমিত করে এমন যেকোনো পদক্ষেপ ভুল। তাই সিনেট বিল S.5423 এর সহস্পন্সর হতে পেরে আমি গর্বিত, এটি স্টেট পার্কসে পেমেন্টের জন্য ক্রেডিট কার্ড ব্যবহারের বাধ্যবাধকতাকে নিষিদ্ধ করে। বিলটিকে অগ্রসর করার জন্য এবং আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকল এবং স্পন্সরকে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের সিনেটর মারিও আর. মাটেরা বলেন, "তারা কীভাবে মূল্য পরিশোধ করছে তা নির্বিশেষে স্বাধীনভাবে স্টেটের বিনোদন ফ্যাসিলিটি ব্যবহার করার ক্ষমতা থাকা প্রত্যেক নিউ ইয়র্কবাসী এবং পর্যটকের থাকা উচিত। তার বিপরীতে যেকোনো বাধ্যবাধকতা তাদের জন্য অন্যায্য হবে যারা ক্রেডিট কার্ড ব্যবহার করতে ইচ্ছুক না বা সক্ষম না এবং এই আইন নিশ্চিত করবে যাতে আমাদের কারো জন্য যাতে এটি প্রতিবন্ধকতা না হয়। এটি সকলের জন্য সমান অ্যাক্সেস নিশ্চিত করবে।"

স্টেট অ্যাসেম্বলির ডেপুটি স্পিকার ফিল রামোস বলেন, "নিউ ইয়র্কে যে বহু সুযোগ রয়েছে তাতে সকলের জন্য সমান অ্যাক্সেস নিশ্চিত করার জন্য ডিজিটাল বিভক্তি ভেঙ্গে ফেলার পন্থার অনুসন্ধান অব্যাহত রাখতে পেরে আমি গর্বিত। নিউ ইয়র্ক স্টেট পার্কসে ক্রেডিট কার্ডের বাধ্যবাধকতার মতো সীমাবদ্ধতা অপসারণ করা হলে নিউ ইয়র্কবাসীকে একাধিক বিকল্প প্রদান করা হবে, যা নিশ্চিত করবে যে আরো বেশি পরিবার প্রতিবন্ধকতা ছাড়াই আমাদের দুর্দান্ত গন্তব্যসমূহকে উপভোগ করতে পারবে। আমাদের অত্যাবশ্যকীয় পর্যটন শিল্পখাতকে সমর্থন

করার উপায় যাতে আমরা খুঁজতে পারি তা নিশ্চিত করতে গভর্নরের অব্যাহত অংশীদারিত্বের জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি।"

বিধিমালা S.9250/A.10333 নির্দিষ্ট কিছু কর্মকাণ্ডের জন্য ব্যক্তিগত জলযানকে নৌকা চালানোর নিরাপত্তা আবশ্যিকতা থেকে অব্যাহতি প্রদান করাকে সম্প্রসারিত করে। এই অব্যাহতি সম্প্রসারণ করা হলে তা নিউ ইয়র্কের সংশ্লিষ্ট ওয়াটারফ্রন্ট এলাকায় ছুটি কাটানো ব্যক্তিদের এইসব যানবাহন লীজ প্রদান করা পর্যটন শিল্পখাতের উপর ক্ষতিকর প্রভাবকে প্রতিরোধ করবে।

স্টেটের সিনেটর হোসে এম সেরানো বলেন, "নিউ ইয়র্কে সুন্দর লেক,সৈকত, এবং সমুদ্রের তীর রয়েছে যা সারা দেশ থেকে পর্যটকদের আকৃষ্ট করে। এই পর্যটন চাকরি প্রদান করে এবং স্থানীয় সম্প্রদায়সমূহের জন্য একটি অত্যাবশ্যকীয় অর্থনৈতিক চালক। গুরুত্বপূর্ণ এই বিধিমালা দ্বারা স্থানীয় পর্যটনকে সমর্থন করে পেরে আমি খুশি এবং পুরো স্টেটে পর্যটনকে সমর্থন করা অব্যাহত রাখার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য বিল জোন্স বলেন, "মানুষকে ব্যক্তিগত জলযান ভাড়া নিতে দেওয়া শুধু এগুলি লীজ প্রদান করা ব্যবসার জন্য নয়, বরং পর্যটনের জন্যও গুরুত্বপূর্ণ। এই বিধিমালাটি সম্প্রসারণ করার মাধ্যমে আরো বেশি মানুষ তাদের পরিবার ও বন্ধুদের সাথে ঘরের বাইরে গিয়ে উপভোগ করতে পারবে এবং একই সময় নিউ ইয়র্কের সুন্দর ল্যান্ডস্কেপের সদ্ব্যবহার করতে পারবে। আমরা ছুটির সপ্তাহান্তের কাছে চলে এসেছি যা পানিতে বেড়ানোর জন্য দারুণ সময় হিসেবে পরিচিত, তাই এটি সকলের জন্য নিঃসন্দেহে একটি স্বাগত সংবাদ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন